

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৮৬

২২/ পোশাক পরিচ্ছদ (کتاب اللباس)

পরিচ্ছেদঃ ৪৪. আংটি কোন আঙ্গুলে পরতে হবে?

باب كَرَاهِيَةِ التَّخَتُّمِ فِي أُصْبُعَيْنِ

আরবী

حَدَّتَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّتَنَا سُفْيَانُ، عَنْ عَاصِمِ بْنِ كُلَيْبٍ، عَنِ ابْنِ أَبِي مُوسَى، قَالَ سَمِعْتُ عَلِيًّا، يَقُولُ نَهَانِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنِ الْقَسِّيِّ وَالْمِيتَرَةِ الْحَمْرَاءِ وَأَنْ أَلْبَسَ خَاتَمِي فِي هَذِهِ وَفِي هَذِهِ . وَأَشَارَ إِلَى السَّبَّابَةِ وَالْوُسْطَى . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَابْنُ أَبِي مُوسَى هُوَ أَبُو بُرْدَةَ بْنُ أَبِي مُوسَى وَاسْمُهُ عَامِرُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ قَيْسٍ .

বাংলা

১৭৮৬। আবূ মূসা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আলী (রাঃ)-কে আমি বলতে শুনেছিঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে রেশমী কাপড় পরতে, লাল জিনপোষের উপর বসতে এবং আমার আংটি এই এই আঙ্গুলে পরতে বারণ করেছেন। এই বলে তিনি তার তর্জনী ও মধ্যমার দিকে ইশারা করেন।

এই অথবা এই আঙ্গুলে শব্দে হাদীসটি সহীহ, বর্ণনাকারী আসিম সন্দেহ করেছেন। যঈফা (৫৪৯৯), মুসলিম

এ হাদীসটিকে আবৃ ঈসা হাসান সহীহ বলেছেন। আবৃ মূসা (রাঃ)-এর ছেলের নাম আমির এবং উপনাম আবৃ বুরদা। পিতা আব্দুল্লাহ ইবনু কাইস।

English

Narrated Ibn Abi Musa:

"I heard 'Ali saying: 'The Messenger of Allah (ﷺ) prohibited Al-Qassi, the red Mitharah, and wearing rings on this and this.' And he pointed to the index and middle fingers."



[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih. Ibn Abi Musa is Abu Burdah bin Abi Musa and his name is 'Amir bin 'Abdullah bin Qais.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন